গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিসিএস লাইভস্টক একাডেমী বাংলাদেশের প্রাণিসম্পদ উন্নয়নের সাথে জড়িত প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের একমাত্র প্রতিষ্ঠান। টেকসই খাদ্য নিরাপত্তার অংশ হিসেবে দেশে নিরাপদ প্রাণিজ আমিষ সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রাণিসম্পদ উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণে কর্মকর্তাদের প্রশিক্ষিত করা এই একাডেমীর অন্যতম লক্ষ্য। এ লক্ষ্য অর্জন করতে উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণের জন্য একাডেমী কাজ করে আসছে। সম্প্রসারণ কর্মকান্ডে নিয়োজিত সম্প্রসারণ ও উৎপাদনমুখী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে, তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদনশীলতা বৃদ্ধি করা একাডেমীর অন্যতম কার্যক্রম। বিগত তিন বছরে প্রশিক্ষণের মাধ্যমে ৩৩৭১ জন্য কর্মকর্তা ও ৫৭ জন্য ইন-হাউজ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশে প্রতিবছর জনসংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এ বর্ধিত জনসংখ্যার জন্য প্রতিবছর অতিরিক্ত প্রাণিজ আমিষ উৎপাদন করতে হবে। অন্যদিকে কৃষি জমির পরিমাণ, জমির উর্বরতা, ভূগর্ভস্থ পানিসহ প্রাকৃতিক সম্পদ এবং প্রাণিসম্পদ শ্রমিক ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। এ অবস্থায় কম জমি ব্যবহার করে ভার্টিক্যাল খামারের বাস্তবতা শিখনের মাধ্যমে অধিক উৎপাদনশীলতা অর্জন এক বিরাট চ্যালেঞ্জ। এছাড়া পরিবর্তিত জলবায়ুর প্রভাবে তীব্র খরা, তীব্র শীত, লবণাক্ততা, জলাবদ্ধতা, জলমগ্নতা, তাপ, প্যারাসাইট ও রোগবালাই বৃদ্ধির কারণে ভবিষ্যতে দেশে দুধ, ডিম, মাংস উৎপাদন চ্যালেঞ্জ এর মুখোমুখি হতে পারে। সারা বিশ্বে করোনা মহামারী ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের কারনে প্রাণিসম্পদ উৎপাদন উপকরণের সরবরাহ বিঘ্নিত হচ্ছে। সেক্ষেত্রে সীমিত উপকরন দিয়ে লাভজনক খামার পরিচালনা একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

নিরাপদ প্রাণীজ আমিষের উৎপাদন স্বয়ংসম্পূর্ণতাকে টেকসই রূপ প্রদানসহ অভ্যন্তরীন চাহিদা পুরন ও রপ্তানীমুখী করা এবং পরিবর্তিত জলবায়ুর প্রভাব মোকাবেলা করে প্রাণিজ আমিষের উৎপাদনশীলতা বাড়ানোর ভবিষ্যত কার্যক্রমকে বাস্তবায়নের জন্য নতুন নতুন প্রযুক্তির সম্প্রসারণ করার প্রত্যয়ে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিসিএস লাইভস্টক একাডেমী কর্তৃক ভবিষ্যত পরিকল্পনায় বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কর্মসূচী গ্রহন করা হয়েছে। যেমন- নবনিয়োগ প্রাপ্ত বিসিএস প্রাণিসম্পদ কর্মকর্তাদের বিভাগীয় প্রশিক্ষণ এবং প্রযুক্তি বিষয়ক পেশাগত প্রশিক্ষণ প্রদানের পরিকল্পণা গ্রহনে করা হয়েছে। তাছাড়া প্রাণিসম্পদ অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের, দুধ, ডিম ও মাংস উৎপাদন বিষয়ক কলা কৌশল, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট আইন, বিধি ও বাস্তবায়ন কলাকৌশল এবং সমন্বিত রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের পরিকল্পণা গ্রহন করা হয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২৩-২৪ অর্থ বছরের বিসিএস লাইভস্টক একাডেমী থেকে মোট ৫০ হাজার জনঘন্টা ( ৩০ হাজার জনঘন্টা রাজস্ব বাজেটে এবং
- ২০ হাজার জনঘন্টা উন্নয়ন বাজেটে) প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- নতুন প্রযুক্তির উদ্ভাবন বিষয়ক ২ টি সেমিনার এবং ভবিষ্যত প্রাণিসম্পদ উৎপাদনের চ্যালেঞ্জ মোকাবেলার গাইডলাইন প্রস্তত কল্পে ২ টি কর্মশালার আয়োজন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**
সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**
প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন
২. সেমিনার ও কর্মশালার আয়োজন;
৩. পেশাগত শিক্ষা কার্যক্রমের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন;
৪. মানবসম্পদ উন্নয়নে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের (দুগ্ধজাত পণ্যসহ) প্রাপ্যতা | পরিমান (মিলি/দিন) | ২০৮.৬১ | ২২০.৯০ | ২৩৬.৫১ | ২৫১.৯১ | ২৫৭.৪০ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা/ বেসরকারি সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের ( মাংসজাত পণ্যসহ) প্রাপ্যতা | পরিমান (গ্রাম/দিন) | ১৪৭.৮৪ | ১৩৭.০২ | ১৩৮.০৪ | ১৩৮.০৫ | ১৪১.৩৭ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | পরিমান (সংখ্যা/বছর) | ১৩৬.০১ | ১০৪.০৫ | ১৩৬.৬৯ | ১৩৮.৯৫ | ১৪০.৩৫ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস |
| জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয় বৃদ্ধি | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৪৪৪০.৬৩ | ২৭৭৩.৯৯ | ৪৫০০.০০ | ৪৬০০.০০ | ৪৭০০.০০ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন এবং বিবিএস |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ৭০ | [১.১] রাজস্ব বাজেটের আওতায় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | হাজার জনঘন্টা | ২৫ | ১০ | ৪০ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩২ | ৩৫ |
| | | [১.২] উন্নয়ন বাজেটের আওতায় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.২.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | হাজার জনঘন্টা | ২৫ | ০ | ০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২২ | ২৫ |
| | | [১.৩] সেমিনার আয়োজন | [১.৩.১] আয়োজিত সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১০ | ১ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ৩ | ৩ |
| | | [১.৪] কর্মশালা আয়োজন | [১.৪.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ১ | ২ | ২ | ২ | ১ | ১ | ৩ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর হিসাবে পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পরিচালক
বিসিএস লাইভস্টক একাডেমি

তারিখ

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআই | কৃত্রিম প্রজনন |
| ২ | এনজিও | বেসরকারি সংস্থা |
| ৩ | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন অভিষ্ট |
| ৫ | জনঘন্টা | প্রতিজন প্রশিক্ষণার্থী প্রতিদিনে ৮ জনঘন্টা হিসেবে |
| ৬ | জিডিপি | মোট দেশজ উৎপাদন |
| ৭ | টিএমআর | টোটাল মিক্সড রেশন |
| ৮ | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৯ | বিডিপি ২১০০ | বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পণা ২১০০ |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স |
| ১১ | বিসিএস এল এ | বিসিএস লাইভস্টক একাডেমি |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] রাজস্ব বাজেটের আওতায় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | বিসিএস লাইভস্টক একাডেমি | পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি এর মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক প্রতিবেদন |
| [১.২] উন্নয়ন বাজেটের আওতায় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.২.১] প্রশিক্ষিত কর্মকর্তা | বিসিএস লাইভস্টক একাডেমি | পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি এর মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] সেমিনার আয়োজন | [১.৩.১] আয়োজিত সেমিনার | বিসিএস লাইভস্টক একাডেমি | পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি এর মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] কর্মশালা আয়োজন | [১.৪.১] আয়োজিত কর্মশালা | বিসিএস লাইভস্টক একাডেমি | পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি এর মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ